



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ  
গাজীপুর।

ই-মেইল : bbacollege@gmail.com

[www.bbagc.edu.bd](http://www.bbagc.edu.bd)

তারিখ: ২৬/০৪/২০২৬ খ্রি.

### ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের ৩য় বর্ষে ভর্তি ও সেশন ফি প্রদানের বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২১/০৫/২০২৬ তারিখের মধ্যে স্নাতক (সম্মান) শ্রেণির ৩য় বর্ষে ভর্তি ও সেশন ফি প্রদান করতে হবে। তাদের ৩য় বর্ষে ভর্তি, এক বৎসরের মাসিক বেতন ও সেশন ফি নিম্নোক্ত হারে ধার্য করা হয়েছে। আগামী ০৩/০৫/২০২৬ তারিখ থেকে ২১/০৫/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত Nagad, Bkash অথবা Upay App ব্যবহার করে ধার্যকৃত ফি পরিশোধ করার জন্য বলা হলো।

#### ভর্তি ফি এর বিবরণ

ক্রমিক নং	বিষয়	ভর্তি ফি (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত)	ভর্তি ফি পরিশোধের তারিখ
১.	বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	২,৪০০/-	০৩/০৫/২০২৬ তারিখ থেকে ২১/০৫/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত
২.	পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত	২,৪৬৫/-	

সংশ্লিষ্ট সকলকে কলেজ কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

#### ভর্তি ফি জমাদান প্রক্রিয়া:-

ধাপ ১: Nagad বা Bkash অথবা Upay এ Login করতে হবে।

ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay, বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College সিলেক্ট করতে হবে।

ধাপ ৪: Enter Student ID এর স্থানে NU Reg. No. (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর) এন্ট্রি দিতে হবে।


ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

ভর্তি ফি পরিশোধ সংক্রান্ত প্রয়োজনে ০২২২৪৪২৩৩৪৯ নম্বরে (অফিস চলাকালীন সময়ে) যোগাযোগ করার জন্য বলা হলো।

#### সতর্কতা:-

ক) কলেজে কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং ব্যতীত অন্য কোন উপায়ে ফি পরিশোধ করা যাবে না।

খ) ভর্তি ও সেশন ফি প্রদান কার্যক্রমের যাবতীয় প্রক্রিয়া অন-লাইনে সম্পাদিত হবে, কোনো কাগজপত্র কলেজে জমা দিতে হবে না। টাকা জমার রশিদ শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।

  
২৪.৫.২৬

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ  
গাজীপুর

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম

গাজীপুর

২৬/০৪/২৬